গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.most.gov.bd

নং-৩৯.০০.০০০০.০১২.০০২.০৬.২০-

তারিখ : ০৫ ফাল্গুন ১৪২৬ / ১৮ ফেব্রুয়ারি ২০২০

বিজ্ঞপ্তি

[প্রযুক্তি উন্নয়নের মাধ্যমে উৎপাদন ক্ষেত্রে সময়, শ্রম ও ব্যয় সাশ্রয়, নতুন পণ্য ও নতুন উৎপাদন কৌশল আবিষ্কার]

বিষয়ঃ ২০২০ -২১ অর্থ বছরে প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে অনুদান প্রদানের জন্য আবেদন আহ্বান।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক ২০২০ -২১ অর্থবছরে প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে অনুদান প্রদানের জন্য নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

২। শর্তাবলিঃ

(১) অনুমোদিত বিশ্ববিদ্যালয়/গবেষণা প্রতিষ্ঠান/উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানে গবেষণা প্রকল্প পরিচালনাকারি শিক্ষক/গবেষকগণ তাঁদের গবেষণা প্রকল্পের জন্য আবেদন দাখিল করবেন।

(১) আবেদন ফরম মন্ত্রণালয়ের ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে।

(২) একজন শিক্ষক/গবেষক কেবল একটি প্রকল্প দাখিল করতে পারবেন।

(৩) প্রকল্প হতে হবে এক বছরে বাস্তবায়নযোগ্য।

(৪) গবেষকের যোগ্যতা ও প্রকল্পের গ্রহণযোগ্যতা- এ দুয়ের ভিত্তিতে আবেদন মূল্যায়ন করা হবে।

(৫) নির্ধারিত ৪টি গ্রুপ যথা- (১) জীববিদ্যা, চিকিৎসাবিদ্যা ও পুষ্টি বিদ্যা, (২) ফলিত বিজ্ঞান ও প্রকৌশল, (৩) ভৌত বিজ্ঞান এবং (৪) কৃষি, খাদ্য, জলবায়ু ও পরিবেশ বিজ্ঞান বিষয়ক প্রকল্প দাখিল করা যাবে।

(৬) আবেদনকারীর সর্বনিম্ন শিক্ষাগত যোগ্যতা হবে স্নাতকোত্তর।

(৭) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে প্রদেয় ২০২০-২১ অর্থবছরের অন্যকোন অনুদান গ্রহণ করলে এই প্রকল্প গ্রহণ করা যাবে না।

(৮) প্রতিষ্ঠানে কর্মরত গবেষকগণ উৎসাহিত হবেন। গবেষকের পদবী উল্লেখ করে আবেদন করতে হবে। ব্যক্তিগত বাসা/বাড়ির ঠিকানায় আবেদন করা যাবে না। ছাত্রছাত্রীগণ আবেদনের যোগ্য নন।

(৯) সরকারি প্রতিষ্ঠানের গবেষকগণ তাদের প্রতিষ্ঠান হতে দেয়া পূর্বানুমতি পত্রসহ আবেদন করবেন। বেসরকারি প্রতিষ্ঠানের গবেষকগণ তাদের প্রতিষ্ঠানের প্যাডে সুপারিশপত্র, ওয়েবসাইট, ই-মেইল ও প্রতিষ্ঠানের পূর্ণ ঠিকানাসহ আবেদন করবেন।

(১০) আবেদনকারী ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নির্ধারিত বাক্য সম্বলিত অঙ্গিকারনামা মৌখিক সাক্ষাৎকার বোর্ডে দাখিল করবেন। অঙ্গিকারনামা মন্ত্রণালয়ের ওয়েসবাইটে পাওয়া যাবে।

(১১) গবেষণা প্রকল্প প্রস্তাবের একটি কপি (সর্বোচ্চ ৩ পাতা) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। প্রস্তাবের তিনটি কপি সাক্ষাৎকারকালে বোর্ডে দাখিল করতে হবে।

(১২) প্রাপ্ত আবেদনসমূহ প্রাথমিকভাবে বাছাইয়ের পর মন্ত্রণালয়ের ওয়েবসাইটে তালিকা প্রকাশ করা হবে এবং উক্ত তালিকা অনুযায়ী সাক্ষাৎকার অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকারের তারিখ ও স্থান যথাসময়ে SMS করে জানানো হবে।

৩। আবেদনপত্র খামবদ্ধ করে [অধিশাখা-১২, কক্ষ নং-৯১৯, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা] ঠিকানায় প্রেরণ করতে হবে। খামের উপর মোটা কালিতে **R&D** শব্দ এবং **গ্রুপের নাম** লিখতে হবে।

৪। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় আবেদনের সময়সীমা ও শর্তাবলি পরিবর্তন বা প্রয়োজনে নতুন শর্ত আরোপ করার অধিকার রাখে।

৫। মন্ত্রণালয়ে আবেদনপত্র পৌছানোর শেষ তারিখ ৩০ মার্চ ২০২০।

১৮/০২/২০২০

(মোঃ রবিউল ইসলাম)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৪০৩৪৮
E-mail:section12@most.gov.bd

স্মারক নং- সিকৃবি/রেজিঃ/পো.গ্র্যা.স্টা.অ/ফো.প.-৫০১/২০২০/৫৫ তারিখঃ ২৩-০২-২০২০

সদয় অবগতি ও সংযুক্ত বিজ্ঞপ্তিটি শিক্ষার্থীদের মধ্যে যথাযথ প্রচারের অনুরোধসহ অনুলিপি প্রেরণ করা হলো:

১। ডিন, ভেটেরিনারি, এনিমেল অ্যান্ড বায়োমেডিকেল সায়েন্সেস /কৃষি/মাৎস্যবিজ্ঞান/কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা/কৃষি প্রকৌশল ও কারিগরি/ বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ, সিকৃবি, সিলেট।

২। বিভাগীয় চেয়ারম্যান, এনাটমি অ্যান্ড হিস্টোলজি/ফিজিওলজি/ফার্মাকোলজি ও টক্সিকোলজি/মাইক্রোবায়োলজি ও ইমিউনোলজি/এপিডেমিওলজি ও পাবলিক হেলথ/প্রাণী পুষ্টি/প্রাণিসম্পদ উৎপাদন ও ব্যবস্থাপনা/ডেয়রি বিজ্ঞান/পোল্ট্রি বিজ্ঞান/কৌলিবিজ্ঞান ও প্রাণী প্রজনন/ প্যারাসাইটোলজি /প্যাথলজি/মেডিসিন/সার্জারি ও থেরিওজেনোলজি/কৃষিতত্ত্ব ও হাওর কৃষি/মৃত্তিকা বিজ্ঞান/ফসল উদ্ভিদ বিজ্ঞান ও চা উৎপাদন প্রযুক্তি/ উদ্যানতত্ত্ব/উদ্ভিদ রোগতত্ত্ব ও বীজ বিজ্ঞান/কীটতত্ত্ব/কৃষি বনায়ন ও পরিবেশ বিজ্ঞান/কৃষি রসায়ন/কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন/কৃষি সম্প্রসারণ শিক্ষা/মাৎস্যচাষ/মৎস্য জীববিদ্যা ও কৌলিতত্ত্ব/মৎস্য স্বাস্থ্য ব্যবস্থাপনা/জলজ সম্পদ ব্যবস্থাপনা/মাৎস্য প্রযুক্তি ও মান নিয়ন্ত্রণ/উপকূলীয় ও সামুদ্রিক মাৎস্যবিজ্ঞান/কৃষি অর্থনীতি ও পলিসি/কৃষি বিপণন ও ব্যবসায় ব্যবস্থাপনা/গ্রামীণ সমাজবিজ্ঞান ও উন্নয়ন/কৃষি পরিসংখ্যান/কৃষি অর্থসংস্থান ও ব্যাংকিং/এগ্রিকালচারাল কনস্ট্রাকশন অ্যান্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং/ফুড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি/কৃষি শক্তি ও যন্ত্র/সেচ ও পানি ব্যবস্থাপনা/মলিকুলার বায়োলজি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং/প্ল্যান্ট ও এনভায়রনমেন্টাল বায়োটেকনোলজি/এনিম্যাল ও ফিশ বায়োটেকনোলজি/ ফার্মাসিউটিক্যালস্ ও ইন্ডাস্ট্রিয়াল বায়োটেকনোলজি/মাইক্রোবিয়াল বায়োটেকনোলজি /বায়োকেমিস্ট্রি অ্যান্ড কেমিস্ট্রি বিভাগ, সিকৃবি, সিলেট।

৩। পরিচালক (ছাত্র পরামর্শ ও নির্দেশনা), সিকৃবি, সিলেট।

৪। প্রভোষ্ট, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল/ আব্দুস সামাদ আজাদ হল/ শাহ এ.এম.এস. কিবরিয়া হল/ হুমায়ুন রশিদ চৌধুরী হল/হযরত শাহপরাণ (রহ:) /সুহাসিনী দাস/শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল, সিকৃবি, সিলেট।

৫। পরিচালক (সাউরেস), সিকৃবি, সিলেট।

৬। চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) [আইসিটি সেল], সিকৃবি, সিলেট (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রচারের অনুরোধসহ)।

৭। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর ও পোস্ট-গ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদীয় কার্যনির্বাহী কমিটির চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য) সিকৃবি সিলেট।

৮। সকল নোটিশ বোর্ড, সিকৃবি, সিলেট।

৯। অফিস কপি।

২৩/০২/২০২০

(মোঃ বদরুল ইসলাম)
রেজিস্ট্রার
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।